

## সুবিধাবঞ্চিত যুবদের জন্য বৃত্তিমূলক প্রশিক্ষণ ও স্বাস্থ্য পরিচর্যা কেন্দ্র স্থাপন প্রকল্প :

দক্ষতাবৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে বেকার যুবদের দেশে-বিদেশে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করা, জাতীয় উন্নয়নের মূলস্রোতধারায় যুবদেরকে সম্পৃক্ত করা, দরিদ্র যুবদের পরিবার, কর্মক্ষেত্র ও সমাজে মর্যাদা বৃদ্ধি করা, সুবিধাবঞ্চিত দরিদ্র যুবদের স্বাস্থ্য সেবা প্রদান করা এবং সুবিধাবঞ্চিত দরিদ্র ৩০% যুবদের বিনামূল্যে প্রশিক্ষণ ও স্বাস্থ্য সেবা প্রদান এ প্রকল্পের লক্ষ্য। ০১-০৭-২০১৩ থেকে ৩০-০৬-২০১৬ মেয়াদে প্রকল্পটি ১১০৯.৭৬ লক্ষ টাকা ব্যয়ে বাস্তবায়নের জন্য গত ১৯-০৮-২০১৩ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক প্রকল্পটি অনুমোদিত হয়েছে। সংশোধিত প্রকল্পের ব্যয় বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ১২১৯.৭৬ লক্ষ টাকা। Public Private Partnership (PPP) এর আওতায় যুব উন্নয়ন অধিদপ্তর ও স্কীল ডেভেলপমেন্ট ফর আগ্রপ্রিভিলেজড ওমেন (এসডিইউডাব্লিউ) যৌথ উদ্যোগে কিশোরগঞ্জ জেলাধীন কটিয়াদি উপজেলার চান্দুপুর গ্রামে প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করছে। প্রকল্পের আওতায় একটি একাডেমিক ভবন ও একটি হেস্টেল নির্মাণ কাজ দ্রুত এগিয়ে চলছে।

কার্যক্রম	লক্ষ্যমাত্রা	অগ্রগতি
মোট প্রকল্প ব্যয় (২০১৩-২০১৬)	১২১৯.৭৬ লক্ষ টাকা ।	৬৪০.০০ লক্ষ টাকা ।
২০১৩-২০১৪ অর্থ বছরে বরাদ্দ ও ব্যয়ের	৬৪০.০০ লক্ষ টাকা ।	৬৪০.০০ লক্ষ টাকা ।
২০১৪-২০১৫ অর্থ বছরে বরাদ্দ	৪২৪.০০ লক্ষ টাকা ।	-